# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক
নারায়ণগঞ্জ।
**www.ncc.gov.bd**

১৯/০৫/২০১৯ খ্রি. তারিখ রোজ রবিবার সকাল ১১.০০ ঘটিকায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের অফিস কক্ষে জনসংযোগ সেল এর কার্য নির্বাহী কমিটির সভার কার্য বিবরনী ঃ-

সভার তারিখ ঃ ১৯ মে ২০১৯ খ্রিঃ
বার ঃ রবিবার
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান ঃ প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের এর অফিস কক্ষ
সভাপতি ও সচিব ঃ **জনাব এ,এম,এফ এহতেশামূল হক**
সভাপতি, জনসংযোগ সেল
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে)**

১। জনাব এ,এম,এফ এহতেশামূল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সভাপতি
২। জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য
৩। জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন- সদস্য
৪। জনাবা ইশরাত জাকিয়া, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য
৫। জনাব আলমগীর হিরন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৬। জনাব মোঃ আবুল হোসেন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৭। জনাব ফয়েজ আহমেদ, হিসাব রক্ষক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল - সদস্য
৮। জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, জনসংযোগ সেল- সদস্য সচিব

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

## ১) আলোচ্য বিষয় ঃ ক্ষুদেবার্তার নমুনা প্রণয়ন সম্পর্কে আলোচনা।

আলোচনাঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম বলেন, সিটি গভর্নেন্স প্রকল্পের আওতাধীন এমসিসি এর মাধ্যমে ক্ষুদে বার্তা সেবা চালু হয়েছে। তিনি ক্ষুদে বার্তা সেবার বিষয়বস্তু প্রস্তুত পূর্বক তা সিটি কর্পোরেশনের নিয়মিত সভায় উপস্থাপন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে বলে উল্লেখ করেন। প্রতিবারের ন্যায় এবারও নগরবাসীকে ১০,০০০ (দশ হাজার) ক্ষুদে বার্তা (এসএমএস) প্রদান করা হয়েছে। এসএমএস এর বিষয় হল, "হোল্ডিং ট্যাক্স সময়মত পরিশোধ করুন, নগর উন্নয়ণে ভূমিকা রাখুন"।

২) আলোচ্য বিষয় ঃ ক্ষুদে বার্তা প্রভাব নিরুপণ জরিপ পরিচালনা প্রসঙ্গে।

আলোচনা ঃ সিজিপি প্রকল্প হতে ক্ষুদেবার্তা প্রভাব নিরূপন জরিপ কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। আলোচনায় জনাব মোঃ মঈনুল ইসলাম ২৫টি জরিপের কথা উল্লেখ করেন। জরিপের জন্য একটি নমুনা প্রশ্নপত্র তৈরী করা হয়েছে যা সভায় উপস্থাপন করেন। জরিপ কার্যক্রম আগামী জুন ২০১৯ এর মধ্যে সম্পন্ন করার জন্য উল্লেখ করেন। জরিপ কার্যক্রম পরিচালনার ফলে ক্ষুদেবার্তা প্রভাব নিরুপন করা যাবে মর্মে সভায় উল্লেখ করেন।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে দ্রুত ক্ষুদেবার্তা নিরূপন জরিপ পরিচালনা কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৩) আলোচ্য বিষয় ঃ ক্ষুদে বার্তা (SMS) প্রেরণ সম্পর্কিত আলোচনা।

আলোচনা ঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম বলেন, এসএমএস. সেবা ব্যবহার করে দ্রুত ও সহজে সরকারী তথ্য প্রবাহের বিষয়ে গুরত্ব আরোপ করেন। সিটি গভর্নেন্স প্রকল্পের অধীনে নগরবাসীদের সিটি কর্পোরেশনের উন্নয়ন কর্মকান্ডে আরো সম্পৃক্ত করার লক্ষ্যে এবং বিভিন্ন ধর্মীয় উৎসবে **"ক্ষুদে বাতা"** প্রেরণ করা যেতে পারে, এছাড়াও ক্ষুদে বার্তা (SMS) সরবরাহ করার জন্য কমপক্ষে ১০,০০০ নগরবাসী তালিকাভূক্ত করার বিষয়ে আলোচনা হয় এবং ইতোমধ্যে নগরবাসীর প্রায় ১০,০০০ মোবাইল নাম্বার সংগ্রহ করা হয়েছে এবং নতুন আরোও ৪,০০০ নাম্বার সংগ্রহ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নতুন নাম্বার সংগ্রহ করার লক্ষ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণ এবং ক্ষুদে বার্তা (এসএমএস) কার্যক্রম পরিচালনার জন্য সবাই ঐক্যমত পোষণ করেন।

৪) আলোচ্য বিষয় ঃ জনতার মুখোমুখি অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।

আলোচনা ঃ প্রতি বছরের ন্যায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন স্বচ্ছতা ও জবাবদিহীতামূলক অনুষ্ঠান "জনতার মুখোমুখি" আয়োজন করার বিষয়ে সভায় প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ণ কর্মকর্তা জনাব কে.এম.ফরিদুল মিরাজ উপস্থিত সকলকে অবহিত করেন। এ অনুষ্ঠানের মাধ্যমে সিটি কর্পোরেশনের কার্যক্রমের স্বচ্ছতা, জবাবদিহীতা ও নগরবাসীর অংশগ্রহণের মাধ্যমে সুনগর পরিচালন (Good Governance) নিশ্চিত করা সম্ভব হবে বলে তিনি জানান। এবারের "জনতার মুখোমুখি" এবং বাজেট অনুষ্ঠান আগামী জুলাই ২০১৯ খ্রি. সুবিধাজনক সময়ে আয়োজন করা যেতে পারে। এবারের প্রস্তাবিত বিষয়বস্তু (ক) নগর অবকাঠামো উন্নয়ণ সম্পর্কিত আলোচনা (খ) নগর দারিদ্র হ্রাসকরণ কর্মসূচী সম্পর্কিত আলোচনা (গ) কর আদায় সম্পর্কিত প্রতিবেদন উপস্থাপন বিষয়ে বিশদ আলোচনা এবং (ঘ) প্রস্তাবিত নগর পরিকল্পনা বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে জনতার মুখোমুখি অনুষ্ঠান আয়োজন ও বাস্তবায়ন বিষয়ে সকলে একমত পোষণ করেন এবং দ্রুত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য বলা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আহ্বায়ক, জনাব মোঃ মঈনুল ইসলাম সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ,এফ,এম এহ্‌তেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোন: ০২-৭৬৩৩৪২৩
ই-মেইলঃ ceo@ncc.gov.bd

স্মারক নং-৪৬.৪৪.৬৭০০.০০৪.০৬(২).২১.১৫/ তারিখঃ

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২। প্রকল্প পরিচালক, সিটি গভর্নেন্স প্রকল্প (সিজিপি), আরডিইসি ভবন, লেভেল-৮, এলজিইডি ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। মেডিকেল অফিসার, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪। জনাব মোঃ আজগর হোসেন, নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৫। জনাব কে এম ফরিদুল মিরাজ, প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৬। জনাব মোঃ মঈনুল ইসলাম, নগর পরিকল্পনাবিদ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৭। জনাবা ইশরাত জাকিয়া, সহকারী সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৮। জনাব আলমগীর হিরন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯। জনাব মোঃ আবুল হোসেন, পরিচ্ছন্ন কর্মকর্তা,নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১০। জনাব ফয়েজ আহমেদ, হিসাব রক্ষক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। পি এ টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(এ,এফ,এম এহ্‌তেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন